নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University
Website: info@nstu.edu.bd
Phone: 0321-72720, Fax: 0321-72721
Noakhali- 3814, Bangladesh.

সমাজকর্ম বিভাগ
Department of Social Work
Email: socialwork@office.nstu.edu.bd
Pabx: 1424
Noakhali Science and Technology University.

**স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (মাস্টার্স) (Master of Social Science) এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে আগামী ১৫ জুন,২০২৫ থেকে ২৫জুন,২০২৫ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে হবে। আবেদন ফরমের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা মাত্র। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে হবে । সম্ভাব্য মৌখিক ভর্তি পরীক্ষার তারিখ পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।

ডিগ্রি: Master of Social Science in Social Work

ডিগ্রী সময়কাল :১ বছর (থিসিস এবং নন থিসিস উভয় গ্রুপ এর জন্য প্রযোজ্য)

ভর্তির যোগ্যতা:

১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোনো স্বীকৃত পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সমাজকর্ম বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে। যাদের স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯ অথবা ২০১৯-২০২০ শুধুমাত্র তারাই আবেদন করতে পারবেন।

২। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ২.৫০ থাকতে হবে এবং বহিস্থঃ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ২.৭৫ থাকতে হবে।

৩। স্নাতক বিশেষ পরীক্ষায় অংশগ্রহণকারী অভ্যন্তরীণ শিক্ষার্থীরা ভর্তির আবেদন করতে পারবে। যে সকল ছাত্র-ছাত্রী ১৪২ ক্রেডিট সম্পন্ন পারেনি তারা ও আবেদন করতে পারবে। তবে শর্ত থাকে যে, স্পেশাল পরীক্ষার ফলাফলের পর তাদের ১৪২ ক্রেডিট সম্পন্ন না হলে উক্ত শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। (শুধুমাত্র নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)।

৪। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় এবং বহিস্থঃ প্রার্থীদের ক্ষেত্রে প্রয়োজনবোধে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৫। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। ডাকে পাঠানো আবেদন গ্রহণযোগ্য নয়।

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে

১. শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশিট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
২. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
৩. ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।
৪. চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২(বারো) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
৫. ভর্তি ফরম ক্রয়ের রসিদ (মানি রিসিট) এর ফটোকপি সংযুক্ত করতে হবে।

SEEFAT-E-MANNAN
28.05.25 Chairman
Department of Social Work
Noakhali Science and Technology University
Noakhali- 3814

জনাব সিফাত- ই-মান্নান
চেয়ারম্যান ও সভাপতি ভর্তি কমিটি (এম এস এস)
সমাজকর্ম বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি :

১. ডিন, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, নোবিপ্রবি।
২. রেজিস্ট্রার, নোবিপ্রবি।
৩. হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
৪. পরিচালক(ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি (প্রকাশ ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫. পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৭. বিভাগীয় নোটিশ বোর্ড, নোবিপ্রবি
৮. অফিসকপি,নোবিপ্রবি